



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৪.২০.২১৬

তারিখ: ২০ আষাঢ় ১৪২৭

০৪ জুলাই ২০২০

বিষয়: রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন মনিগ্রাম আদর্শ কলেজ এর এমপিও সংক্রান্ত কার্যক্রম স্থগিত রাখা প্রসঙ্গে।

সূত্র: জনাব মো: আক্লাছ আলী, সভাপতি, মনিগ্রাম আদর্শ কলেজ এর অভিযোগ;

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন মনিগ্রাম আদর্শ কলেজটি ২০২০ সালে এমপিওভুক্ত হয়। কলেজের সভাপতি দাবী করে জনাব মো: আক্লাছ আলী কলেজের এমপিও কার্যক্রম স্থগিত রাখার জন্য আবেদন করেন। অভিযোগকারী জানান যে, তিনি গত ০৫/০৪/২০১৮ তারিখ থেকে পরবর্তী ২ বছর মেয়াদের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের সভাপতি মনোনীত হন। কমিটির মেয়াদ থাকা অবস্থায় প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোপনে অন্য একজনকে সভাপতি করে কমিটি গঠন করেন। গঠিত কমিটির সভাপতির স্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির জন্য অনলাইনে আবেদন করেন। জনাব মো: আক্লাছ আলী দাবী করেন তিনি এখনো বৈধ সভাপতি হিসেবে আছেন সে ক্ষেত্রে তার স্বাক্ষর ব্যতীত দাখিলকৃত শিক্ষক-কর্মচারীদের এমপিও কার্যক্রম স্থগিত রাখার জন্য আবেদন করেন।

অভিযোগটি তদন্ত করার জন্য উপাধ্যক্ষ, রাজশাহী সরকারি কলেজ, রাজশাহী ও সহকারী পরিচালক(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহীকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, অভিযোগটি তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) উপাধ্যক্ষ, রাজশাহী সরকারি কলেজ, রাজশাহী;
- ২) সহকারী পরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব),
কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল,
রাজশাহী


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৪.২০.২১৬/১(৪)

তারিখ: ২০ আষাঢ় ১৪২৭

০৪ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২) সভাপতি, গভর্নিং বডি, মনিগ্রাম আদর্শ কলেজ, বাঘা, রাজশাহী;
- ৩) অধ্যক্ষ, মনিগ্রাম আদর্শ কলেজ, বাঘা, রাজশাহী;
- ৪) সংরক্ষণ নথি।



৪-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক